গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ কমার্শিয়াল ম্যানেজার (পশ্চিম) এর কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন,
রাজশাহী।
www.railwaywest.gov.bd

নং: ৫৪.০১.৮১০০.১৫৩.০৭.০৬৪.২৬-১ তারিখঃ ২৯/০৭/২০২৬ খ্রি.

**বাংলাদেশ রেলওয়ে বিজ্ঞাপন ও ব্র্যান্ডিং নীতিমালা-২০২৬" এর আওতায় বাংলাদেশ রেলওয়ে পশ্চিমাঞ্চলে বিজ্ঞাপন প্রচারের জন্য বিজ্ঞাপন দাতা নিয়োগ সংক্রান্ত বিস্তারিত বিজ্ঞপ্তি।**

১। বাংলাদেশ রেলওয়ের (পশ্চিমাঞ্চল) মালিকানাধীন উপযুক্ত স্থানে ভূমি ও স্থাপনায় বাংলাদেশ রেলওয়ে বিজ্ঞাপন ও ব্রান্ডিং নীতিমালা-২০২৬" এর আওতায় সর্বোচ্চ ০৩ (তিন) বছরের জন্য বিজ্ঞাপন প্রচারের লক্ষ্যে বিজ্ঞাপন দাতা নিয়োগের জন্য আবেদনপত্র আহবান করা যাইতেছে।

২। কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ফরমে বিজ্ঞাপন প্রচারের জন্য বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে আগামী ৩১ আগস্ট, ২০২৬ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে বিভাগীয়/মেট্রোপলিটন এলাকার জন্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা এবং বিভাগীয়/মেট্রোপলিটন এলাকা ব্যতিত অন্য সকল এলাকার জন্য মহাব্যবস্থাপক (পশ্চিম), রেলভবন, রাজশাহী বরাবর আবেদনপত্র সীলগালা করে দাখিল করিতে হইবে।

৩। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সত্যায়িত পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি, জাতীয় পরিচয় পত্র, আর্থিক সচ্ছলতার মূল প্রত্যয়নপত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও হালনাগাদ আয়কর পরিশোধ সংক্রান্ত সনদপত্র, নাগরিকত্ব সনদপত্র এর ফটোকপি সংযোজন করিতে হইবে।

৪। রেলওয়ে কর্তৃপক্ষ যে কোন সময় বিজ্ঞাপনদাতা নিয়োগ সংক্রান্ত কার্যক্রম বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে এবং বিজ্ঞপ্তি সংক্রান্ত যেকোন পরিবর্তন, পরিবর্ধন কিংবা পরিমার্জন রেলওয়ে কর্তৃপক্ষ জাতীয় পত্রিকা এবং বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটের (www.railway.gov.bd) মাধ্যমে সংশোধনী আকারে প্রকাশ করবে।

৫। আবেদনকারী কর্তৃক আবেদন পত্রের সাথে বিজ্ঞাপন বোর্ড স্থাপনার সংশ্লিষ্ট এলাকা চিহ্নিত করিয়া মৌজা ম্যাপসহ নির্মাণ কাঠামোর বিস্তারিত নকশাসহ পেশ করিতে হইবে। স্থাপনা/এলইডি/রোলিং স্টক প্রভৃতি বিজ্ঞাপন প্রদর্শনের আবেদন পত্রের সাথে CAD (Computer Aided Design) সংযুক্ত করিতে হইবে।

৬। বিজ্ঞাপন বোর্ড রেললাইন হইতে নিরাপদ দূরত্বে স্থাপন করিতে হইবে যাহাতে ট্রেন চলাচলের নিরাপত্তা বিঘ্নিত না হয় ও ট্রেন চালক/কারিগরী লোকের দৃষ্টি বাধাগ্রস্ত না হয়। বিজ্ঞাপন সাইন যেই উচ্চতায় স্থাপিত হইবে সেই উচ্চতার পরিমাপের সহিত আরো ৭ (সাত) ফুট যোগ করিলে যে পরিমাণ দাঁড়াইবে, রেললাইনের কেন্দ্র (সেন্টার লাইন) হইতে ন্যূনতম সেই দূরত্বে বিজ্ঞাপন বোর্ড স্থাপন করিতে হইবে। যাহাতে বিজ্ঞাপন বোর্ড কোনো কারণে ভাঙ্গিয়া গেলে যেন ট্র্যাকের উপর না পড়ে এবং কোনো ধরণের দুর্ঘটনা না ঘটে।

৭। কোন স্থানের ঐতিহাসিক বা পুরাকীর্তি বা আদি সৌন্দর্য বিঘ্নিত করিয়া অথবা অন্য কোনো প্রতিষ্ঠানের বা সংস্থার কোনো অসুবিধা বা প্রতিবন্ধকতা সৃষ্টি করিয়া বিজ্ঞাপন বোর্ড স্থাপন করা যাইবে না। ইহা ছাড়া সংশ্লিষ্ট স্থানের প্রাকৃতিক বা পরিবেশগত সৌন্দর্য বিঘ্নিত হয় এমন স্থান বিজ্ঞাপনের জন্য বিবেচনা করা যাইবে না।

৮। ধর্মীয় বা রাজনৈতিক অনুভূতিতে আঘাত লাগে বা জনমনে কোন ঘৃণা/লজ্জার উদ্রেক হয় বা উত্তেজনার সৃষ্টি হয় কিংবা সরকার বা অন্য কোনো প্রতিষ্ঠানের ভাবমূর্তি/মান ক্ষুণ্ণ হয় এমন কোন বক্তব্য, ছবি বা দৃশ্য বিজ্ঞাপন সাইনে স্থাপন করা যাইবে না।

৯। সরকার সময়ে সময়ে গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে তফসিল সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করিতে পারিবে ও ধার্য্যকৃত বাৎসরিক ভাড়া/ফি এর হার পুনঃনির্ধারণ করিতে পারিবে। সেই অনুযায়ী বিজ্ঞাপন সাইন এর মালিক ভাড়া/ফি পরিশোধ করিবেন।

১০। অনুমোদন প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান বিজ্ঞাপন সাইনের বরাদ্দ প্রাপক মোট বাৎসরিক ভাড়া/ফি এর ৩০% জামানত হিসাবে বাংলাদেশ রেলওয়েকে প্রদান করিবেন। বাৎসরিক ভাড়/ফি সম্পূর্ণ পরিশোধ করিবার পর বাংলাদেশ রেলওয়ে এবং সংশ্লিষ্ট বরাদ্দ প্রাপকের মধ্যে চুক্তি সম্পাদিত হইবে। জামানতের অর্থ চুক্তির মেয়াদ শেষে ফেরতযোগ্য হইবে। তবে বিচ্যুতির কারণে চুক্তি বাতিলপূর্বক নিরাপত্তা জামানতের অর্থ সম্পূর্ণ বা আংশিক বাজেয়াপ্ত করা হইবে।

১১। অনুমোদন প্রাপ্ত বিজ্ঞাপন সাইনের মালিক লিখিত নোটিশ প্রাপ্তির ২ (দুই) সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট জনসংযোগ বিভাগে ভাড়া/ফি এবং জামানতের অর্থ পরিশোধ করিবেন। ভাড়া/ফি জমা প্রদানের ক্ষেত্রে ধার্য্যকৃত বাৎসরিক ভাড়া/ফি অথবা চুক্তিকালীন সমুদয় ভাড়া/ফি অগ্রিম ভিত্তিতে বাংলাদেশ রেলওয়ের অনুকূলে এ-চালান এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে। জামানতের অর্থ সংরক্ষণের ক্ষেত্রে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা প্রদান করা যাইবে। এ-চালান/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জাল বা ভূয়া প্রমাণিত হইলে সংশ্লিষ্ট বিজ্ঞাপনী সংস্থাকে কালো তালিকাভুক্ত করা হইবে এবং বরাদ্দাদেশ বাতিলপুর্বক ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১২। বরাদ্দ গ্রহীতা বিজ্ঞাপন বোর্ড স্থাপনের অনুমতি পাওয়ার ৩০ দিনের মধ্যে অবশ্যই বিজ্ঞাপন সাইন স্থাপন করিবেন। অন্যথায় বিজ্ঞাপন বোর্ড স্থাপনের অনুমতি উক্ত সময়সীমা অতিবাহিত হইবার সঙ্গে সঙ্গে স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

১৩। কর্তৃপক্ষ প্রয়োজনে মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে উল্লেখিত নিয়মাবলী যে কোনো সময় পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন করিতে পারিবেন।

১৪। সংশ্লিষ্ট অনুমোদনকারী কর্তৃপক্ষ অনুমোদিত মূল্যায়িত আবেদনপত্র মঞ্জুর বা আংশিক মঞ্জুর বা বাতিল করিবার বা ক্ষেত্র ভেদে বিশেষ শর্ত আরোপসহ মঞ্জুর করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

**বিঃ দ্রঃ আবেদন ফরম, দরপ্রস্তাবের সিডিউল এবং বিজ্ঞাপনের ধরন ও ন্যূনতম ফি এর তালিকা যথাক্রমে সংযুক্তি ১, ২ ও ৩ সংযোজন করা হলো।**

২৯/০৭/২০২৬

(মোহাম্মদ আহছান উল্যা ভূঁঞা)
চীফ কমার্শিয়াল ম্যানেজার (পশ্চিম)
বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।

সংযুক্তি-১

বাংলাদেশ রেলওয়ে
জনসংযোগ বিভাগ

দুই কপি ছবি

বাংলাদেশ রেলওয়ে বিজ্ঞাপন ও ব্র্যান্ডিং নীতিমালা-২০২৬ অনুযায়ী বিজ্ঞাপন বোর্ড স্থাপনের আবেদন পত্র।

১। আবেদনকারী/প্রতিষ্ঠান/সংস্থার নাম:

২। পিতা/স্বামীর নাম:

৩। (ক) পূর্ণ ঠিকানা (বর্তমান) ও ফোন/মোবাইল, ই-মেইল, জাতীয় পরিচয় পত্র নং:

(খ) স্থায়ী ঠিকানা:

৪। বিজ্ঞাপন বোর্ড স্থাপনের আবেদিত স্থানের বিবরণ:

৫। বিজ্ঞাপন সাইনের ধরণ:

৬। বিজ্ঞাপন সাইনের পরিমাপ:

৭। আবেদিত স্থানের স্কেল অনুযায়ী লোকেশন প্ল্যান বা নক্সা এবং বিজ্ঞাপন সাইন বোর্ডের এলিভেশন প্ল্যান বা ডিজাইন সংযুক্ত করিতে হইবে।

৮। আর্থিক স্বচ্ছলতার প্রত্যয়ন পত্র (তফসিলভুক্ত ব্যাংকের), হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট, টিআইএন সংক্রান্ত যাবতীয় কাগজপত্র সংযুক্ত করিতে হইবে।

**৯। আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, আমার প্রদত্ত উপর্যুক্ত সকল বিবরণী সত্য ও সঠিক এবং আমি এ যাবতীয় নিয়মাবলি ও বিধি-নিষেধ মানিয়া চলিতে বাধ্য থাকিব। অন্যথায় বাংলাদেশ রেলওয়ে যে কোনো সময় আমার অনুমতি বাতিল করিতে পারিবে এবং আমার বিরুদ্ধে নীতিমালায় বর্ণিত ব্যবস্থার আওতায় যে কোনো কার্যক্রম গ্রহণ করিতে পারিবে। কোনো কারণে আমার বিজ্ঞাপন বরাদ্দ বাতিল করা হইলে আমি নির্ধারিত সময়ের মধ্যে বিজ্ঞাপন বোর্ড অপসারণ করিয়া নিতে বাধ্য থাকিব। অন্যথায় স্থাপিত বিজ্ঞাপন বোর্ড রেলওয়ে কর্তৃপক্ষ উচ্ছেদ করিয়া ক্ষতিপূরণ আদায় করিতে পারিবে।**

**১০। আবেদন পত্রের সাথে সংযুক্ত তথ্য বিবরণী পূরণপূর্বক দাখিল করিতে হইবে।**

আবেদনকারীর স্বাক্ষর

**তারিখ:……..………**

নাম:………………

পদবি:……..………

ঠিকানা:……..………

ফোন:………………

সংযুক্তি-২

# দর প্রস্তাবের সিডিউল

| ক্রঃ মঃ | বিজ্ঞাপনের অবস্থান/বিবরণ | বিজ্ঞাপনের ধরণ | সংখ্যা | আয়তন (বর্গফুট) | আবেদনকারীর প্রস্তাবিত বিজ্ঞাপন ফি/ভাড়ার হার (প্রতি বর্গফুট) (টাকায়) | আবেদনকারীর প্রস্তাবিত মোট বাৎসরিক ফি/ভাড়ার পরিমাণ (টাকায়) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

## নূন্যতম বিজ্ঞাপন ফি (বাৎসরিক প্রতি বর্গফুট)

| ক্রমিক | বিজ্ঞাপন | এলাকা | | |
|---|---|---|---|---|
| | | ঢাকা মেট্রোপলিটন এলাকা (টংগী ও নারায়ণগঞ্জসহ), চট্টগ্রাম মহানগর রেলওয়ে ষ্টেশন এলাকা | সিলেট, খুলনা, ময়মনসিংহ, রাজশাহী, রংপুর বিভাগীয় শহর ও কক্সবাজার ষ্টেশন এলাকা। | অন্যান্য এলাকা |
| ১ | বিদ্যুৎ সংযোগ বিহীন বিজ্ঞাপন | ৪০০ টাকা | ৩০০ টাকা | ২০০ টাকা |
| ২ | ট্রাইভিশন/বিদ্যুতায়িত বিজ্ঞাপন | ৫০০ টাকা | ৪০০ টাকা | ৩০০ টাকা |
| ৩ | এলইডি সাইন/টিভি/টি-সাইন | ১০,০০০ টাকা | ৭৫০০ টাকা | ৫০০০ টাকা |
| ৪ | হ্যান্ড পেইন্টস | ২০০ টাকা | ২০০ টাকা | ২০০ টাকা |

এলইডি সাইন/এলইডি টিভি, আলোকিত বিজ্ঞাপন বোর্ড (নিয়ন সাইন) এর জন্য উল্লিখিত হারে ভাড়া পরিশোধসহ বিজ্ঞাপন বোর্ডের মালিকগণ নিজ দায়িত্বে বিদ্যুৎ সংযোগ ও বিদ্যুৎ বিল এবং স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক বিধি মোতাবেক ধার্যকৃত প্রযোজ্য করাদি (যদি থাকে) পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।